দৈনিক
ইনকিলাব

তারিখ: 14 JAN 2015
পৃষ্ঠা - ৬ - কলাম - ২

# জাতীয় বিশ্ববিদ্যালয় অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফল প্রকাশ

স্টাফ রিপোর্টার : জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০১২ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। গতকাল (মঙ্গলবার) বেলা ৩টায় এই ফল প্রকাশ করা হয়। এ পরীক্ষায় ২৭টি বিষয়ে সারাদেশে ২০৫টি কলেজের ১ লাখ ৩০ হাজার পরীক্ষার্থী মোট ১৪০টি কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করে। বিগত ১১ জানুয়ারি লিখিত এবং ২৪ জানুয়ারিতে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা শেষ হয়। লিখিত পরীক্ষা শেষে দুই মাসে পোস্টাল সার্ভিসের পরিবর্তে আঞ্চলিক কেন্দ্রসমূহের মাধ্যমে গৃহীত নতুন ব্যবস্থাপনায় এ পরীক্ষার ফলাফল প্রকাশ করা হলো। ২০১২ সালের ৩য় বর্ষে মানউন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের সংশোধিত ফলাফল আগামী দু'সপ্তাহের মধ্যে প্রকাশ করা হবে। প্রকাশিত ফলাফল www.nu.edu.bd এবং www.nubd.info ওয়েবসাইট থেকে জানা যাবে। এছাড়া যে কোন মোবাইল থেকে এসএমএস করেও ফলাফল জানা যাবে। এ ক্ষেত্রে মেসেজ অপশনে গিয়ে nu space h4 space Roll লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে।